



নোবিপ্রবি/জনওকা/সংবাদ/২০২৪/১৯৫২

০১ ডিসেম্বর ২০২৪

নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, অসুস্থ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান, স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গ্রহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো :

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মোঃ মোস্তফা তারেক সিয়ামের আকস্মিক মৃত্যুর ঘটনায় তার পরিবারকে ২ লক্ষ ৫০ হাজার টাকার চেক ও আনুষঙ্গিক খরচসহ মোট ৩ লক্ষ ৫০ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান।
২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'ওয়ার্কশপ অন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র্যাঙ্কিং: রিক্যায়ারমেন্ট, এক্সিভিটিস এন্ড চ্যালেঞ্জেস' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত।
৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শরীরচর্চা শিক্ষা বিভাগের উদ্যোগে আন্তর্বিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৪-২৫ এর উদ্বোধন।
৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয়ের বিবি খাদিজা হলে শর্ট সার্কিট সমস্যায় সংঘটিত অগ্নিকাণ্ডের ঘটনায় হল পরিদর্শন করেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও দিকনির্দেশনা প্রদান করেন।
৫. সড়ক দুর্ঘটনায় আহত পরিচালক, হিসাব মোহাম্মদ সাইদুর রহমানকে দেখতে ঢাকার নিউরো সায়েন্স হাসপাতালে যান নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এসময় তিনি তার চিকিৎসার খোঁজ-খবর নেন এবং দ্রুত আরোগ্য কামনা করেন।
৬. 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এক্স-স্টুডেন্টস এসোসিয়েশন নোয়াখালী'র উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস পালন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।
৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আনাদোলু বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস ইনসিটিউশনাল একাইমেন্ট স্বাক্ষরিত।
৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'অপরচুনিটিস ইন বিগ ডেটা ফর বায়োলজিক্যাল রিসার্চ' শীর্ষক কর্মশালা এবং 'ট্রেন্স ইন কাটিং-এড্জ রিসার্চ ইন দ্যা ফিল্ড অফ মেডিসিন এন্ড বায়োলজিক্যাল সায়েন্স' শীর্ষক সেমিনার ও কর্মশালা অনুষ্ঠিত।
৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) তৃতীয় জাতীয় সায়েন্স ফেস্ট এর নিবন্ধন কার্যক্রমের উদ্বোধন।
১০. রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) এর পরিচালক হলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।
১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'কর্মক্ষেত্রে মানসিক স্বাস্থ্য' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ সেমিনারে অংশগ্রহণ করেন।
১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে 'এমপাওয়ার্ড মাইন্ড থ্রু ইমোশনাল ইন্টেলিজেন্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।
১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাব প্রতিনিধি ও শিক্ষকদের নিয়ে ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে পৃথক কর্মশালা অনুষ্ঠিত।
১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ডিবেটিং সোসাইটির সম্পদ প্রতিষ্ঠাবার্ষিকী উদ্যাপন।
১৫. নোবিপ্রবি শিক্ষার্থীদের অংশগ্রহণে 'এমপাওয়ার্ড মাইন্ড থ্রু ইমোশনাল ইন্টেলিজেন্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত।
১৬. সন্ত্রাসী হামলায় নিহত চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য ও আই.আই.ইউ.সি.ল' অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ইলা) এর সদস্য আইনজীবী সাইফুল ইসলাম আলিফ এর কবর জিয়ারত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।
১৭. নোয়াখালীর সোনাপুর কলেজে অভিভাবক ও শিক্ষার্থী সমাবেশ ২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে নোবিপ্রবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর অংশগ্রহণ ও বক্তব্য প্রদান।

ইফতেখার হোসাইন
 সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
 মোবার- ০১৭৩৩৯৯৮৮৯৮